



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২৫

১৬ আষাঢ় ১৪২৯
তারিখ: -----
৩০ জুন ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

০২ জুলাই ২০২২ তারিখে হজ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট ব্যাংক শাখা খোলা রাখা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়-এর ২৯ জুন ২০২২ তারিখের স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.৪০.০০৫.২২.৯৮৪-এর প্রেক্ষিতে সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে হজ কার্যক্রমের সাথে সম্পর্কিত আপনাদের ব্যাংকের সংশ্লিষ্ট শাখা/উপশাখাসমূহ সীমিত সংখ্যক লোকবলের মাধ্যমে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে ০২ জুলাই ২০২২ সাপ্তাহিক ছুটির দিন পূর্ণদিবস খোলা রাখার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)
পরিচালক (ডিওএস)
ফোন : ৯৫৩০০৯৩